39

তারিখ 10 SEP 1990
পৃষ্ঠা ২ কলাম ৬

দৈনিক খবর

# দায়িত্ব গ্রহণের দশদিন না যেতেই পদত্যাগ

। খবর রিপোর্ট ।

ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের নবনিযুক্ত প্রাধ্যক্ষ দায়িত্ব গ্রহণের মাত্র দশদিন না যেতেই গতকাল রোববার পদত্যাগ করেছেন। ২-এর পাতায় দেখুন

## দায়িত্ব গ্রহণের

প্রথম পৃষ্ঠার পর

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, কর্তৃপক্ষের অসহযোগিতার কারণ দেখিয়ে গত ২৯শে আগস্ট বঙ্গবন্ধু হলের তৎকালীন প্রাধ্যক্ষ পদত্যাগ করেন এবং গত ৩০শে আগস্ট বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেনকে নতুন পাধ্যক্ষ নিয়োগ করা হয়। গতকাল তিনি পদত্যাগপত্র পেশ করেছেন বলে জানা গেছে।

সূত্র জানায়, সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ১১ জনকে সরাসরি নিয়োগ ও পদ পুনর্বিন্যাসের মাধ্যমে সহযোগী অধ্যাপক করা হয়েছে। এই পদে অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেনের স্ত্রী ও রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষিকা ডঃ শওকত আরা হোসেনও একজন প্রার্থী ছিলেন এবং তিনি সহযোগী অধ্যাপক হিসেবে নিয়োগও পেয়েছেন। একই পদে বর্তমান উপাচার্যের সমর্থক শিক্ষকদের সাদা ফোরামের নেতা নুরুল আমিন ব্যাপারীও একজন প্রার্থী ছিলেন এবং অপেক্ষাকৃত সিনিয়র ও যোগ্য শিক্ষকদের ডিঙ্গিয়ে তাকে সিনিয়র সহযোগী অধ্যাপক করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। অভিযোগকারীদের মধ্যে বঙ্গবন্ধু হলের প্রাধ্যক্ষের স্ত্রী ডঃ শওকত আরা হোসেনও রয়েছেন এবং এ ঘটনার প্রতিবাদস্বরূপ বঙ্গবন্ধু হলের পাধ্যক্ষ পদত্যাগ করেছেন বলে জানা গেছে।

গতরাতে বঙ্গবন্ধু হলের প্রাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেনের সাথে যোগাযোগ করে তিনি প্রাধ্যক্ষের পদ থেকে পদত্যাগ করেছেন কি-না জানতে চাইলে তিনি বলেন, 'এ ব্যাপারে এই মুহূর্তে আমি কোন কিছু বলতে চাই না।' তবে তিনি ঘটনা অস্বীকার করেননি।

অধ্যাপক হোসেনের এ পদত্যাগ গৃহীত হয়েছে কি-না তা জানা যায়নি।